DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) ▯ তৈরি: 15 Aug 2026, 11:42 PM

জাতীয়

# সন্ধ্যা থেকে বিদ্যুৎ পরিস্থিতির কিছুটা উন্নতি হবে: জ্বালানি প্রতিমন্ত্রী

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ১৩ আগস্ট ২০২৬, ১২:০৫ PM



ছবি সংগৃহীত

বিদ্যুৎ ও গ্যাসের সংকট মোকাবিলায় সরকার সর্বোচ্চ চেষ্টা করছে জানিয়ে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত বলেছেন, আজ বুধবার সন্ধ্যা থেকে বিদ্যুৎ পরিস্থিতির কিছুটা হলেও উন্নতি হতে পারে।

বুধবার (১২ আগস্ট) সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন।

প্রতিমন্ত্রী বলেন, পর্যাপ্ত গ্যাস সরবরাহ করা না গেলে বিদ্যুৎকেন্দ্রগুলোতে উৎপাদন সংকট দেখা দেয়। বর্তমান পরিস্থিতি মোকাবিলায় সরকার একটি কৌশল নিয়েছে, যা মঙ্গলবার সন্ধ্যা থেকে কার্যকর করা হয়েছে। এর ফলে বুধবার সন্ধ্যা থেকে বিদ্যুৎ পরিস্থিতির কিছুটা উন্নতি হবে বলে আশা করছেন তিনি।

বর্তমান সংকটের কারণ তুলে ধরে অনিন্দ্য ইসলাম অমিত বলেন, বঙ্গোপসাগর উত্তাল থাকায় সামিটের টার্মিনালে এলএনজির কার্গো খালাস করা সম্ভব হচ্ছে না। অন্যদিকে এক্সিলারেট এনার্জির টার্মিনালটি বর্তমানে আংশিক সক্ষমতায় চলছে।

তিনি বলেন, এক্সিলারেটের টার্মিনালটি পূর্ণ সক্ষমতায় চালাতে হলে প্রায় ৭২ ঘণ্টা সেটি বন্ধ রাখতে হবে। এ কারণে কখন টার্মিনালটি বন্ধ রাখা হলে জনদুর্ভোগ তুলনামূলক কম হবে, তা নিয়ে সংশ্লিষ্টদের সঙ্গে আলোচনা চলছে। এ বিষয়ে বুধবার দুপুরে এক্সিলারেট এনার্জির ঊর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গেও বৈঠক হওয়ার কথা রয়েছে। ব্যবসায়ীদের সঙ্গেও আলোচনা করা হচ্ছে বলে জানান তিনি।

জনদুর্ভোগের কথা স্বীকার করে প্রতিমন্ত্রী বলেন, মানুষের ভোগান্তি চরমে□এ বিষয়ে কোনো দ্বিমত নেই। এ পরিস্থিতির জন্য তিনি জনগণের কাছে বারবার দুঃখ প্রকাশ করেন। প্রাকৃতিক দুর্যোগ ও দুর্ঘটনার ক্ষেত্রে অনেক সময় সরকারের কিছু করার থাকে না বলেও মন্তব্য করেন তিনি।

তিনি বলেন, পরিস্থিতি স্বাভাবিক হলে এলএনজি খালাস করা সম্ভব হবে এবং গ্যাস সরবরাহও ধীরে ধীরে স্বাভাবিক হয়ে আসবে।

## মালয়েশিয়া থেকে এলএনজি আনার চেষ্টা

গ্যাস সংকট মোকাবিলায় বিকল্প উৎস থেকে এলএনজি আমদানির উদ্যোগ নেওয়া হয়েছে জানিয়ে অনিন্দ্য ইসলাম অমিত বলেন, মালয়েশিয়ার সঙ্গে আলোচনা হয়েছে এবং একটি সরকারি দলও সেখানে গেছে। দেশটির দেওয়া প্রস্তাব নিয়ে কাজ চলছে।

মালয়েশিয়া থেকে অন্তত একটি কার্গো এলএনজি পাওয়ার আশা প্রকাশ করে তিনি বলেন, এটি সংকট মোকাবিলায় একটি মধ্যমেয়াদি সমাধান হতে পারে। একই সঙ্গে হাতে থাকা সব বিকল্প নিয়েই সরকার কাজ করছে।

বিদ্যুৎ ও জ্বালানি পরিস্থিতি পুরোপুরি স্বাভাবিক হতে কত সময় লাগবে, তা নির্দিষ্ট করে বলা সম্ভব নয় বলেও জানান প্রতিমন্ত্রী। তবে জনদুর্ভোগ বিবেচনায় সরকার সর্বোচ্চ চেষ্টা করছে বলে দাবি করেন তিনি।

এলএনজি সরবরাহের বিষয়ে ইউএস-বাংলাদেশ চেম্বারের কাছেও সহযোগিতা চাওয়া হয়েছে বলে জানান তিনি।

## □আগের সরকারগুলো দীর্ঘমেয়াদি সমাধান খোঁজেনি□

বিদ্যুৎ ও জ্বালানি খাতের বর্তমান সংকটের জন্য আগের সরকারগুলোর নীতির সমালোচনা করে অনিন্দ্য ইসলাম অমিত বলেন, বিগত সরকারগুলো মধ্য ও দীর্ঘমেয়াদি সমাধানের পরিবর্তে তাৎক্ষণিক সমাধানের দিকে বেশি গুরুত্ব দিয়েছে। ফলে কোনো একসময় এ ধরনের সংকট তৈরি হওয়ার পরিস্থিতি তৈরি হয়েছিল।

তিনি বলেন, দুর্ভাগ্যজনকভাবে গ্রীষ্মকালেই এবার সেই সংকটের মুখোমুখি হতে হয়েছে। তবে পরিস্থিতি মোকাবিলায় সরকারের চেষ্টায় কোনো ঘাটতি নেই বলেও দাবি করেন তিনি।

---

এ বিভাগের আরও খবর




গ্যাস-সংকট কাটাতে ২ বছর সময় লাগবে: বাণিজ্যমন্ত্রী

গ্যাস সংকটের কারণে শিল্প-কারখানায় যে দুর্ভোগ তৈরি হয়েছে, তা দীর্ঘদিনের উত্তরাধিকার সূত্রে পাওয়া সমস্যা বলে মন্তব্য করেছেন বাণিজ্যমন্ত্রী খন্...




ন্যায়বিচার নিশ্চিত করা রাষ্ট্রের দায়িত্ব: আইনমন্ত্রী

ন্যায়বিচারে প্রবেশাধিকার নিশ্চিত করা মানবাধিকার নিশ্চিত করারই অংশ বলে মন্তব্য করেছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান। তিনি...




সংসদ অধিবেশনে আসছে ১০ বছরের জ্বালানি পরিকল্পনা: প্রধানমন্ত্রী

দেশের বিদ্যুৎ ও জ্বালানি সংকট সমাধানে আগামী ২৭ তারিখে শুরু হতে যাওয়া সংসদ অধিবেশনে ১০ বছর মেয়াদি পরিকল্পনা উপস্থাপনের ঘোষণা দিয়েছেন প্রধানমন...




আগামীকাল কিশোরগঞ্জে ইমাম-মুয়াজ্জিনদের সম্মানী বিতরণ করবেন প্রধানমন্ত্রী

কিশোরগঞ্জে মসজিদের ইমাম-মুয়াজ্জিনসহ অন্যান্য উপাসনালয়ের সেবকদের চলতি অর্থবছরের সম্মানী বিতরণ করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান।রবিবার (১৬ আগস্...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/national/sndhja-theke-bidjut-pristhitir-kichhuta-unnti-hbe-jbalani-prtimntri